

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫৯৪

১৫/ দাওয়াত

পরিচ্ছেদঃ ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করার গুরুত্ব

আরবী

عَنْ أَبِي سَعِيدِ الحَسَنِ البَصرِي: أَنَّ عَائِذَ بنَ عَمرٍو دَخَلَ عَلَى عُبَيْدِ اللهِ بنِ زِيَاد فَقَالَ: أي بُنَيَّ إِنِّي سَمِعت رَسُول الله عَلَيْ يَقُولُإِنَّ شَرَّ الرِّعَاءِ الحُطَمَةُ فَإِيَّاكَ أَنْ تَكُونَ مِنْهُمْ فَقَالَ لَهُ : اجلِسْ فَإِنَّمَا أَنْتَ مِنْ نُخَالَةِ أَصْحَابِ مُحَمَّد عَلِيْ فَقَالَ: وهل كَانَتْ لَهُم نُخَالَةً إِنَّمَا كَانَتِ النُّخَالَةُ بَعْدَهُمْ وَفي غَيْرِهِمْ رواه مسلم

বাংলা

(১৫৯৪) আবূ সাঈদ হাসান বাসরী বর্ণনা করেন যে, আয়েয ইবনে আমর (রাঃ) (ইরাকের গভর্নর) উবাইদুল্লাহ ইবনে যিয়াদের নিকট গেলেন। অতঃপর (উপদেশ স্বরূপ) বললেন, 'বেটা! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, নিশ্চয় নিকৃষ্টতম শাসক সে, যে প্রজাদের ব্যাপারে কঠোরতা অবলম্বন করে। সুতরাং তুমি তাদের দলভুক্ত হওয়া থেকে দূরে থাকো।' যিয়াদ তাঁকে বলল, 'আপনি বসুন, আপনি তো মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীদের চালা আটার অবশিষ্ট ভুসি (অপদার্থ)!' তিনি বললেন, 'তাঁদের মধ্যেও কি ভুসি আছে? (কখনই না।) বরং ভুসি তো তাঁদের পরবর্তী এবং তাঁরা ছাড়া অন্যদের মধ্যে আছে।'

ফুটনোট

(মুসলিম ৪৮৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65342

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন